

Official Spokesperson's response to queries on the recent media report quoting a Chinese Foreign Ministry statement regarding China's position on the LAC

September 29, 2020

প্রকৃত নিয়ন্ত্রণ রেখা প্রসঙ্গে চিনের অবস্থান সম্পর্কে চিনের বিদেশমন্ত্রীর সাম্প্রতিক সংবাদ মাধ্যমকে দেওয়া বক্তব্যের প্রশ্নে সরকারি মুখপাত্রের প্রতিক্রিয়া

সেপ্টেম্বর 29, 2020

প্রকৃত নিয়ন্ত্রণ রেখা প্রসঙ্গে চিনের অবস্থান সম্পর্কে চিনের বিদেশমন্ত্রীর সাম্প্রতিক সংবাদ মাধ্যমকে দেওয়া বক্তব্যের প্রশ্নে সরকারি মুখপাত্র শ্রী অনুবাগ শ্রীবাস্তব তার প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। তিনি বলেছেন:

আমরা হিন্দুস্থান টাইমসে 29 শে সেপ্টেম্বর তারিখে ভারত-চিন সীমান্ত এলাকার প্রকৃত নিয়ন্ত্রণ রেখা নিয়ে চিনের অবস্থান প্রসঙ্গে চিনের বিদেশমন্ত্রীর বক্তব্য উল্লেখ করে প্রকাশিত প্রতিবেদনটি দেখেছি।

ভারত কখনই তথাকথিত একতরফা ভাবে ব্যাখ্যা করা 1959 -এর প্রকৃত নিয়ন্ত্রণ রেখা(এলএসি)কে মানেনি। চিনের তরফ সহ এই অবস্থান ধারাবাহিক এবং সর্বজন পরিচিত।

তারও অধিক, 1993 -র এলএসি বরাবর শান্তি এবং সুস্থিরতা বজায় রাখার চুক্তি, 1996-এর সামরিক ক্ষেত্রে আস্থা গঠন পদ্ধতি (সিবিএমএস) চুক্তি, 2005-এর সিবিএমএস-এর বাস্তবায়নের উপরে প্রোটকল, 2005- এর ভারত-চিন সীমান্ত প্রশ্নের সমাধানে রাজনৈতিক মাপকাঠি এবং আদর্শের দিকনির্দেশিকা চুক্তি সহ বিভিন্ন দ্বিপাক্ষিক সহমতের অধীনে ভারত এবং চিন উভয়পক্ষ এলএসি-র অবস্থান নিয়ে একটি সাধারণ বোঝাপড়ায় পৌঁছানোর জন্য এলএসির ব্যাখ্যা এবং অনুমোদন করার জন্য অঙ্গীকার বদ্ধ হয়েছে। বাস্তবিক ক্ষেত্রে, 2003 পর্যন্ত এলএসি-র ব্যাখ্যা এবং অনুমোদনের প্রক্রিয়াতে দুই পক্ষ লিপ্ত ছিল, কিন্তু চিনের তরফে আগ্রহের অভাবের কারণে এই প্রক্রিয়া পদ্ধতি আর এগোয় নি।

তাই চিনের তরফ থেকে জেদ ধরে থাকা যে একটিমাত্র এলএসি রয়েছে সেটি এই চুক্তির প্রতি সশ্রদ্ধ অঙ্গীকারের বিরুদ্ধাচরণ।

আমরা আগেই যেহেতু স্পষ্ট করে বলেছি যে, ভারত সবসময় এলএসিকে শ্রদ্ধা করে এবং মেনে চলে। সাম্প্রতিক কালে সংসদে প্রতিরক্ষা মন্ত্রী বলেছেন যে, চিনের তরফ থেকে পশ্চিম ক্ষেত্রের বিভিন্ন জায়গায় এলএসি লঙ্ঘন করার চেষ্টা চলছে এবং একতরফা ভাবে স্থিতাবস্থাকে বদলাবার চেষ্টা করা হচ্ছে।

গত একমাস ধরে, চিনের তরফ থেকে বারবার নিশ্চিত করা হচ্ছে যে সীমান্ত এলাকার পরিস্থিতির সমাধান দুই দেশের মধ্যে স্বাক্ষরিত চুক্তি অনুসারে করা উচিত। 10 ই সেপ্টেম্বর তারিখে বিদেশ মন্ত্রী এবং চিনের সমকক্ষ মন্ত্রীর মধ্যে পৌঁছনো সহমতেও চিন বর্তমান চুক্তিকে মেনে চলার অঙ্গীকারকে পুনরায় উল্লেখ করেছে।

আমরা তাই আশা করি যে, চিন গুরুত্বসহকারে এবং বিশ্বাসযোগ্যতার সাথে সকল চুক্তি এবং বোঝাপড়া কে সামগ্রিকভাবে মেনে চলবে এবং এলএসি-র অসমর্থিত একতরফা ব্যাখ্যা দেওয়া থেকে বিরত থাকবে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 29, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.